



## বাংলাদেশ হাইকমিশন

(পাসপোর্ট ও ভিসা উইং)

সিঙ্গাপুর

**Newborn menu**

### নবজাতক সন্তানের জন্য পাসপোর্ট আবেদনের নিয়মাবলী

বাংলাদেশী নাগরিকের সিঙ্গাপুরে জন্মগ্রহণকারী নবজাতক সন্তানের পাসপোর্টের জন্য অনলাইনে পূরণকৃত ফরম ও নিম্নে বর্ণিত প্রয়োজনীয় কাগজপত্রসহ বাবা/মা-কে নবজাতক সন্তানসহ হাইকমিশনে (৪র্থ তলায়) উপস্থিত হয়ে অফিস কাউন্টারে নির্ধারিত ফি প্রদানপূর্বক আবেদনপত্র জমা দিতে হবে :

১. অনলাইনে ([www.passport.gov.bd](http://www.passport.gov.bd)) সঠিকভাবে পূরণপূর্বক জমা (**Submit**) প্রদানকৃত আবেদনের (চার পাতা) প্রিন্ট কপি। ফরম পূরণের সময় বাবার পাসপোর্টের স্থায়ী ঠিকানা সন্তানের ঠিকানা হিসেবে উল্লেখ করতে হবে;
২. নবজাতকের সদ্যতোলা ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি (৪৫x৩৫মি.মি); ছবির বাকহুউন্ড সাদা হবে, ছবি তোলার সময় বাচ্চার চোখ খোলা ও দৃষ্টি সামনের দিকে থাকবে;
৩. নবজাতকের বাবা ও মা- প্রত্যেকের ০১ কপি করে পাসপোর্ট সাইজের ছবি;
৪. বাবা ও মা- প্রত্যেকের পাসপোর্টের ২ ও ৩ নং পৃষ্ঠার ফটোকপি;
৫. বাবা-মা'র বিবাহের সনদপত্র/কাবিননামা;
৬. সিঙ্গাপুর ICA কর্তৃক প্রদত্ত জন্মসনদ;
৭. বাংলাদেশ হাইকমিশন হতে নবজাতকের জন্মসনদ প্রাপ্তির জন্য অনলাইনে ([www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)) পূরণকৃত ফরম/অনলাইনে ফরম পূরণের জন্য প্রয়োজনীয় তথ্যাবলী;
৮. নির্ধারিত ফি জমা প্রদান : সাধারণ ফি ১৫৫ সি.ড - প্রসেসিং সময়কাল ৬-৭ সপ্তাহ; জরুরী ফি ৩১০ সি.ড - প্রসেসিং সময়কাল ৩-৪ সপ্তাহ; আবেদন জমা প্রদানের সময় পাসপোর্ট নবায়ন ফি অফিস কাউন্টারে শুধুমাত্র ঘউএক্সএ-এর মাধ্যমে প্রদান করতে হবে।

সংশ্লিষ্ট কাগজপত্র পরীক্ষা-নিরীক্ষাপূর্বক অনলাইনে আবেদন এনরোলমেন্ট করা হয় এবং নতুন পাসপোর্ট সংগ্রহের তারিখ উল্লেখ করে আবেদনকারীকে একটি কালেকশন স্লিপ/রিসিট দেওয়া হয়। অতঃপর এমআরপি সার্ভারে প্রয়োজনীয় কাগজপত্র স্ক্যান করে অনলাইনে আবেদন অনুমোদনপূর্বক পাসপোর্ট প্রিন্টের জন্য প্রেরণ করা হয়। বাংলাদেশ থেকে পাসপোর্ট প্রিন্ট হয়ে আসলে কালেকশন স্লিপ/রিসিট ও জন্মসনদ দেখে নতুন পাসপোর্ট প্রদান করা হয়ে থাকে- যা হাইকমিশনের অফিস কাউন্টার (৪র্থ তলা) থেকে সংগ্রহ করতে হয়।